গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
প্রশাসন-১ শাখা
www.bpsc.gov.bd



নম্বর-৮০.০০.০০০০.৪০১.০১১.০৭৯.১১(অংশ)-১৬৯১

তারিখ : ১৮ কার্তিক ১৪৩৩ / ০৩ নভেম্বর ২০২৬

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সুপারিশ অনুযায়ী নিম্নবর্ণিত প্রার্থীদেরকে সরাসরি নিয়োগের মাধ্যমে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের 'সহকারী পরিচালক' (৯ম গ্রেড) পদে জাতীয় বেতন স্কেল, ২০২৬ এর টাকা ৪৪০০০-১০৫৯০০/- ও অন্যান্য সুবিধাদিসহ নিম্নোক্ত শর্তে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলো :

ক্রমিক	নাম ও স্থায়ী ঠিকানা	রেজিঃ নম্বর
১.	মিজ সানজিদা আকতার পিতা : জনাব মো: সাহাবউদ্দিন গ্রাম : পশ্চিম গঙ্গাপুর, উপজেলা : হিজলা, জেলা : বরিশাল	১১০১০১৫৮
২.	জনাব সুস্ময় পন্ডিত আবীর পিতা : দুলাল পন্ডিত গ্রাম : ভাটিকাশর বাইলেন, থানা : ময়মনসিংহ সদর, জেলা : ময়মনসিংহ	১৮০১০২০০
৩.	জনাব আশরাফুল আলম আশিক পিতা : জনাব মোঃ শাহজাহান গ্রাম : রসুলবাগ, আউচপাড়া, থানা : টঙ্গী পশ্চিম, জেলা : গাজীপুর	১১০৫৩৭১১
৪.	মিজ অন্তরা খাতুন পিতা : জনাব জহুরুল হক গ্রাম : মালতিনগর, থানা : বগুড়া সদর, জেলা : বগুড়া	১১০৩২৫৪৫

শর্তাবলী :

১.০ এ নিয়োগের প্রারম্ভিক ২ (দুই) বছর শিক্ষানবিসকাল হিসেবে গণ্য হবে। এই প্রারম্ভিক শিক্ষানবিসকালে তাঁর/তাঁদের কার্যকলাপ ও আচরণ সন্তোষজনক প্রতীয়মান না হলে তাঁর/তাঁদের শিক্ষানবিসকালের মেয়াদ বর্ধিত করা হবে। শিক্ষানবিসের মেয়াদ (বর্ধিত মেয়াদ থাকলে তাসহ) সমাপনান্তে তাঁর/তাঁদের আচরণ ও কার্যকলাপ সন্তোষজনক হলে তাদেরকে চাকরিতে স্থায়ী করা হবে। অন্যথায় তাঁর/তাঁদের আচরণ ও কার্যকলাপ সন্তোষজনক না হলে বা কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নেই মর্মে প্রতীয়মান হলে নিয়োগকারী কর্তৃপক্ষ তাঁর/তাঁদের চাকরির অবসান ঘটাতে পারবেন।

২.০ প্রার্থীদের স্বাস্থ্য প্রতিবেদন এবং পুলিশ যাচাই প্রতিবেদন সন্তোষজনক হওয়ায় এ নিয়োগ প্রদান করা হলো। ভবিষ্যতে কোন প্রার্থীর বিরুদ্ধে বিরুপ মন্তব্য বা রাষ্ট্রবিরোধী কার্যক্রমের তথ্য পাওয়া গেলে এ নিয়োগ আদেশ বাতিল করা হবে।

৩.০ আগামী ১৫-১১-২০২৬ তারিখ পূর্বাহ্নে তাঁদেরকে চাকরিতে যোগদানের জন্য নির্দেশনা প্রদান করা হলো। বর্ণিত তারিখে যোগদানে ব্যর্থ হলে তাঁর/তাঁদের নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে।

৪.০ জনস্বার্থে এ আদেশ জারি করা হলো এবং তা যোগদানের তারিখ হতে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

স্বাক্ষরিত/-
মোঃ ফজলুর রহমান
সচিব
ফোন : ৫৫০০৬৬২২

নম্বর-৮০.০০.০০০০.৪০১.০১১.০৭৯.১১(অংশ)-১৬৯১

তারিখ : ১৮ কার্তিক ১৪৩৩ / ০৩ নভেম্বর ২০২৬

অনুলিপি : সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
২. যুগ্মসচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
৩. পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার/ননক্যাডার) বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
৪. সিস্টেম ম্যানেজার, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা(আদেশটি পিএসসি'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)।
৫. উপসচিব (প্রশাসন/অর্থ ও সেবা/বাজেট ও উন্নয়ন), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
৬. উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
৭. চেয়ারম্যানের একান্ত সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা (চেয়ারম্যান এঁর সদয় অবগতির জন্য)।
৮. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, সিএজি, পিএসসি ও নির্বাচন কমিশন, হিসাব ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
৯. সহকারী সচিব(প্রশাসন-২)/জনসংযোগ কর্মকর্তা/হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
১০. জনাব----------।

০৩/১১/২৬
মোঃ আসলাম হোসাইন
সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১)

CamScanner